



বণিক বার্তা

আলোকিত বাংলাদেশ

## আজ থেকে তিনদিন পাঁচ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক ■

আজ থেকে শুরু করে আগামী তিনদিন (২৬-২৮ ডিসেম্বর) দেশের পাঁচটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে।

ভর্তি পরীক্ষার সূচি অনুযায়ী, আজ অনুষ্ঠিত হবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুমতির পরীক্ষা। একই দিন অনুষ্ঠিত হবে বাংলাদেশ অ্যাডভান্সড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা। এতে বিএসসি ইন অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস), বিএসসি ইন অ্যাভিওনিকস ইঞ্জিনিয়ারিং এবং অ্যাভিওনিকস, বিএসসি ইন এয়ারক্রাফট মেনেটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস), বিএসসি ইন এয়ারক্রাফট মেনেটেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যাভিওনিকস) বিভাগে শিক্ষার্থী ভর্তি করা হবে।

আগামীকাল ২৭ ডিসেম্বর একদিনেই অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ৩ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা। এ দিন বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে। এর আগে সকাল ১০টা থেকে মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি)

ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিভাগের প্রথম পর্বের ভর্তি পরীক্ষা। এ দিন বেলা সাড়ে ৩টায় অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ইউনিটের স্বগিত হওয়া ভর্তি পরীক্ষা।

শিক্ষার্থীরা বলছেন, সকালে এমআইএসটির পরীক্ষা দিয়ে বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশ নেয়া অনেকের পক্ষেই কঠিন হবে।

২৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দুই ইউনিটের ভর্তি পরীক্ষা। সকাল ৯টা থেকে বেলা ১১টা ২৫ মিনিট পর্যন্ত দুই শিফটে ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জিইউর পরীক্ষা। এছাড়া 'এ' ইউনিটভুক্ত গাণিতিক ও পদার্থবিদ্যক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির ভর্তি পরীক্ষা। এদিন সকাল ১০টা ২৫ মিনিটে ঘণ্টাব্যাপী প্রথম শিফটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর দ্বিতীয় শিফটের পরীক্ষা বেলা ১১টা ৫০ মিনিটে শুরু হয়ে শেষ হবে দুপুর ১২টা ৫০ মিনিটে। তৃতীয় শিফটের পরীক্ষা অনুষ্ঠিত হবে বেলা ১টা ৫০ থেকে ২টা ৫০ মিনিট পর্যন্ত।

একই দিন বেলা ৩টা থেকে এমআইএসটির ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিভাগের দ্বিতীয় পর্বের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ পরীক্ষা ২৭ ডিসেম্বর বিকালে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও ঢাবি কর্তৃপক্ষের অনুরোধে তা একদিন পেছানো হয়।

সময়ের আলো

## ঢাবি বিজ্ঞান ইউনিটের নতুন সিট প্ল্যান প্রকাশ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের বিজ্ঞান ইউনিটের নতুন সিট প্ল্যান প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিজ্ঞান ইউনিট ভর্তি পরীক্ষার সিট প্ল্যান প্রকাশ করা হয়েছে। পরীক্ষার্থীরা ওয়েবসাইটে লগইন করে অথবা প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএসের মাধ্যমে নিজ নিজ সিট প্ল্যান জানতে পারবে। কেবল যারা অঞ্চল পরিবর্তনের আবেদন করেছে, তাদের ঢাকা অঞ্চলে নতুন সিট প্ল্যান দেওয়া হয়েছে। বাকি সবার সিট প্ল্যান আগেরটাই বহাল আছে।

## ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা, আসন প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের বিজ্ঞান ইউনিটের নতুন আসনবিন্যাস (সিটপ্ল্যান) প্রকাশ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাসংক্রান্ত ওয়েবসাইটে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'বিজ্ঞান ইউনিট ভর্তি পরীক্ষার সিটপ্ল্যান প্রকাশ করা হয়েছে। পরীক্ষার্থীরা ওয়েবসাইটে লগইন করে অথবা প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএসের মাধ্যমে নিজ নিজ সিট প্ল্যান জানতে পারবে। কেবল যারা অঞ্চল পরিবর্তনের আবেদন করেছে, তাদের ঢাকা অঞ্চলে নতুন সিটপ্ল্যান দেওয়া হয়েছে। বাকি সবার সিটপ্ল্যান পূর্বেরটাই বহাল আছে।' বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, পরীক্ষার্থীদের পূর্বের প্রবেশপত্র বহাল থাকবে বিধায় নতুন করে প্রবেশপত্র ডাউনলোড করা বাধ্যতামূলক নয়। তবে যাদের অঞ্চল পরিবর্তন হয়েছে, তারা পুনরায় প্রবেশপত্র ডাউনলোড করলে পরিবর্তিত পরীক্ষার অঞ্চল দেখতে পারবেন। পরীক্ষার রোল ও সিরিয়াল নম্বর পূর্বেরটাই বহাল থাকবে। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টা পূর্ব পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী শরিফ ওসমান হাদির মৃত্যুতে এক দিনের রাষ্ট্রীয় শোক পালনের অংশ হিসেবে ২০ ডিসেম্বর অনুষ্ঠের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের বিজ্ঞান ইউনিটের প্রথম বর্ষ আভ্যন্তরীণ জুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়। পরে এ পরীক্ষার নতুন তারিখ নির্ধারণ করা হয় আগামীকাল ২৭ ডিসেম্বর।